

U.G. 4th Semester Examination - 2022

BENGALI
[HONOURS]

Course Code : BBNGCCHT402

Course Title : কাব্যতত্ত্ব ও সাহিত্যের রূপরীতি

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 10 = 10$
- ক) 'ধ্বন্যালোক' গ্রন্থের বৃত্তি অংশ কার রচনা?
- খ) 'কাব্যজিজ্ঞাসা'-র প্রবন্ধগুলি কোন্ পত্রিকায় কত সালে প্রকাশিত হয়?
- গ) কোন্ ধ্বনিকে কাব্যের আত্মা বলা হয়েছে?
- ঘ) জুগুপ্সা — এই ভাবটি কোন্ রসে পরিণত হয়?
- ঙ) এলিজি কী?
- চ) ভারতীয় আলংকারিকরা কয়টি ব্যভিচারী ভাবের উল্লেখ করেছিলেন?
- ছ) "Our sweetest songs are those that tell of saddest thought" — কার রচনার উদ্ধৃতি?
- জ) ইংরেজি সাহিত্যে কোন্ সময়পর্বটিকে নব্য ধ্রুপদী যুগ বলে চিহ্নিত করা হয়?

[পরের পাতায়]

- ঝ) রবীন্দ্রনাথের 'চিরকুমার সভা' কোন্ শ্রেণির নাটক?
- ঞ) 'ব্যালাড' (Ballad) শব্দটি কোন্ মূল শব্দ থেকে এসেছে?
- ট) পেত্রার্ক কোন্ শতাব্দীর কবি?
- ঠ) ভার্জিলের ঈনিড (Aeneid) কোন্ শ্রেণির মহাকাব্য?
- ড) ওড বা স্তোত্রকবিতার আদিরূপ কোথায় পাওয়া যায়?
- ঢ) দীনবন্ধু মিত্র রচিত একটি প্রহসনের নাম লেখো।
- ণ) ট্রাজেডির 'ত্রয়ী ঐক্য' বলতে কী বোঝ?

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$

- ক) অনুভাব কাকে বলে?
- খ) 'এই মতকে বালকোচিত বলে উড়িয়ে দেওয়া কিছু নয়' — কোন্ মতটি সম্বন্ধে কেন একথা বলা হয়েছে?
- গ) রসের মানসিক ও বাহ্যিক উপাদান বলতে কী বোঝায়?
- ঘ) গ্রিক ট্রাজেডি ও শেক্সপীরীয় ট্রাজেডির দুটি পার্থক্য লেখো।
- ঙ) ক্লাসিসিজম বলতে কী বোঝ?
- চ) ক্যাথারসিস বলতে কী বোঝ?
- ছ) শেক্সপীরীয় সনেটের মিলবিন্যাস উল্লেখ করো।
- জ) মেলোড্রামার দুটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$

- ক) যে ধ্বনি কাব্যের আত্মা তার ব্যঞ্জনা কাব্যের বাচ্যার্থকে বস্তু ও অলংকারের অতীত এক ভিন্ন লোকে পৌঁছে দেয় — মতটি ব্যাখ্যা করো।

- খ) ফার্সের সাধারণ লক্ষণগুলির পরিচয় দাও।
গ) অক্ষয়কুমার বড়ালের 'এষা' কোন্ শ্রেণির কাব্য? সেই শ্রেণিটির বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

- ক) 'রীতিরাত্না কাব্যস্য' — মতবাদটি ব্যাখ্যা করো এবং প্রসঙ্গ ক্রমে এর সীমাবদ্ধতার দিকগুলি তুলে ধরো।
খ) কমেডি কাকে বলে? কমেডির শ্রেণিবিভাগগুলি সম্বন্ধে আলোকপাত করো।
গ) রোমান্টিসিজমের লক্ষণ বা বৈশিষ্ট্যগুলির উল্লেখ করো।
